

নিয়োগ বিজ্ঞপ্তি

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি) এর নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও সংখ্যা	বেতন-ভাতা	বয়সসীমা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও কর্মস্থল
১	সহকারি ব্যবস্থাপক (কল্যাণ ও তহবিল) পদের সংখ্যা: ০১টি	কোম্পানির বেতন গ্রেড-৬ (সাকুল্যে বেতন ৫৮,০৭৫/- এবং কোম্পানির চাকুরি বিধি মোতাবেক অন্যান্য সুবিধাদি)	অনুর্ধ্ব ৩২ বৎসর। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য।	(ক) সরকার কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে সম্মানসহ স্নাতকোত্তর/এমবিএ। (খ) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। [বি.দ্র.: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ৩.৫ ('ও' লেভেল এবং 'এ' লেভেলের ক্ষেত্রে ৩.০) এবং স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষায় ২.৭৫ (৪.০ এর ক্ষেত্রে) এর নীচে জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না।]

- আগ্রহী প্রার্থীগণকে সাদা কাগজে পদের নাম উল্লেখপূর্বক ব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি), রহমানস রেগনাম সেন্টার (৮-ম তলা), ১৯১/১, তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮ বরাবর লিখিত আবেদন দাখিল করতে হবে। আবেদনপত্রের সাথে জীবন বৃত্তান্ত, সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতা সনদ এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য সনদের ছায়ালিপি সহ সকল ডকুমেন্ট প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়নপূর্বক আগামী ০১/০২/২০২৪ খ্রি. তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে উপরোল্লিখিত ঠিকানায় জমা প্রদানের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।
- প্রার্থীর বয়স নিয়োগ বিজ্ঞপ্তি জারির তারিখ পর্যন্ত গণনা করা হবে। বয়স প্রমাণের জন্য এফিডেফিট (Affidavit) গ্রহণযোগ্য নয়। এছাড়া প্রার্থীত পদের নাম খামের উপরে উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রের সাথে ৫০০.০০ (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার অবশ্যই “বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি” এর অনুকূলে প্রদান করতে হবে।
- সরকারি, আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষা গ্রহণপূর্বক প্রার্থী চূড়ান্ত করা হবে।
- আবেদন পত্র গ্রহণ/বাতিল, বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

তারিখ: ১৫/০১/২০২৪ খ্রি.।

স্বাক্ষরিত
ব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন)
ফোন: ২২৬৬০৩৩১২ (অফিস)